

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর, যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd.

স্মারক নং-৩৪.০১.০০০০.০২৮.২৯.০১২.১৬-৬৯২

তারিখঃ ২৭/১০/২০১৭খ্রিঃ

বিষয়ঃ লক্ষ্যমাত্রা অনুযায়ী ঋণ বিতরণ, কিস্তি ও ঋণ খেলাপী আদায় প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ঢাকা বিভাগের আত্মকর্মসংস্থান ও পরিবারভিত্তিক ঋণ কর্মসূচির ঋণ বিতরণ, খেলাপী ঋণ আদায়ে ব্যর্থ এবং অধিক কিস্তি ও ঋণ খেলাপী রয়েছে এমন উপজেলার ঋণের অগ্রগতি/অবনতির তথ্য উল্লেখসহ উপজেলার ঋণ বিতরণ, লক্ষ্যমাত্রা অর্জন, চলমান আদায় শতভাগ অর্জন, সমুদয় কিস্তি খেলাপী ও বিবেচ্য সময়ে কিস্তি ও ঋণ খেলাপীতে যুক্ত অর্থ আদায়ে এবং এ বিষয়ক অগ্রগতির পাক্ষিক প্রতিবেদন জেলা কার্যালয়ের মাধ্যমে সমন্বিত করে প্রেরণ করার একাধিক নির্দেশনা দিয়ে পত্র দেয়া হয়েছিল। কিন্তু জুন/১৭ মাস শেষে নিম্নোক্ত উপজেলাসমূহ ঋণ কার্যক্রমের লক্ষ্যমাত্রা অর্জনে ব্যর্থ হয়েছে এবং ঋণ ও কিস্তি খেলাপীতে টাকা যুক্ত করেছে। যার চিত্র নিম্নরূপঃ

নং	জেলা	উপজেলা	কর্মসূচি	২০১৬-১৭ অর্থবছরের বিতরণ				কিস্তি খেলাপী			ঋণ খেলাপী		
				লক্ষ্য মাত্রা	অগ্রগতি			জুন/১৬	জুন/১৭	হ্রাস/বৃদ্ধি	জুন/১৬	জুন/১৭	হ্রাস/বৃদ্ধি
					১ম দফা	অন্যান্য দফা	মোট						
১	ময়মনসিংহ	গফরগাও	আত্ম	২৮.৮০	৯.১৫	১.০০	১০.১৫	০.১৬	১.০৫	০.৮৯	১৪.৬৭	২৬.১৬	১১.৪৯
২		হালুয়াঘাট	আত্ম	২৮.৮০	১২.২০	১০.৫৫	২২.৭৫	৩.৩৫	৩.২০	-০.১৫	১১.৪৪	১২.৬৯	১.২৫
৩		ফুলপুর	আত্ম	২০.৮০	১০.৫০	৪.২৫	১৪.৭৫	০.০০	১.৫২	১.৫২	১০.২০	১৭.৭০	৭.৫০
			পরি	৮.০০	১১.৫০	০.০০	১১.৫০	১.২৩	০.০০	-১.২৩	০.০০	০.০০	০.০০
			মোট	২৮.৮০	২২.০০	৪.২৫	২৬.২৫	১.২৩	১.৫২	০.২৯	১০.২০	১৭.৭০	৭.৫০
৪		গৌরীপুর	আত্ম	২৪.৮০	১৪.৭০	৫.৮৫	২০.৫৫	২.৭৩	১.৪৭	-১.২৬	৪.৮০	৬.৮৯	২.০৯
			পরি	৪.০০	৪.০০	৪.৮০	৮.৮০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০
			মোট	২৮.৮০	১৮.৭০	১০.৬৫	২৯.৩৫	২.৭৩	১.৪৭	-১.২৬	৪.৮০	৬.৮৯	২.০৯
৫		সদর, ময়মনসিংহ	আত্ম	২৮.৮০	৯.৫০	৯.৫০	১৯.০০	২.৩৪	১.৯৭	-০.৩৭	৯.১৫	১২.৫০	৩.৩৫
৬		ত্রিশাল	আত্ম	২০.৮০	১১.২০	৭.৭৫	১৮.৯৫	১.৮৯	১.০৮	-০.৮১	১৪.৪৫	১৫.০০	০.৫৫
			পরি	৮.০০	৭.৫০	৫.৭০	১৩.২০	১.৮৯	০.০১	-১.৮৮	২৮.৬০	৩১.৩২	২.৭২
			মোট	২৮.৮০	১৮.৭০	১৩.৪৫	৩২.১৫	৩.৭৮	১.০৯	-২.৬৯	৪৩.০৫	৪৬.৩২	৩.২৭
		ধোবাউড়া	আত্ম	১৫.২০	৫.৫০	৫.২৫	১০.৭৫	৪.৫৮	০.৮৮	-৩.৭০	১৩.৬৩	১৫.৮৩	২.২০
৭			পরি	৪.০০	৪.০০	৬.০০	১০.০০	০.০৯	১.৩৮	১.২৯	০.০০	০.০০	০.০০
			মোট	১৯.২০	৯.৫০	১১.২৫	২০.৭৫	৪.৬৭	২.২৬	-২.৪১	১৩.৬৩	১৫.৮৩	২.২০
৮	নেত্রকোনা	বারহাট্টা	আত্ম	২৮.৮০	১৮.০৫	১০.৩০	২৮.৩৫	২.৭১	১.২০	-১.৫১	৭.৯৯	৯.৪৫	১.৪৬
৯		খালিয়াজুড়ি	আত্ম	০.৮০	১.৫০	০.০০	১.৫০	০.৭২	০.১৮	-০.৫৪	১৩.৩৪	১৯.৭৩	৬.৩৯
			পরি	৪.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	৫.১৭	৫.১৭	০.০০
			মোট	৪.৮০	১.৫০	০.০০	১.৫০	০.৭২	০.১৮	-০.৫৪	১৮.৫১	২৪.৯০	৬.৩৯
১০		মদন	আত্ম	৫.৬০	২.৩০	১.৭০	৪.০০	৩.০২	১.০৬	-১.৯৬	১৪.৮৪	১৯.৩৮	৪.৫৪
			পরি	৪.০০	০.০০	০.০০	০.০০	০.৭৮	০.০০	-০.৭৮	১১৩.০৩	১১৩.৬৪	০.৬১
			মোট	৯.৬০	২.৩০	১.৭০	৪.০০	৩.৮০	১.০৬	-২.৭৪	১২৭.৮৭	১৩৩.০২	৫.১৫
১১	কুমিল্লা	সদর, জামালপুর	আত্ম	২৮.৮০	১৪.৮০	৪.০৪	১৮.৮৪	১.৬৬	২.২৬	০.৬০	১৪.০৪	১৫.২৩	১.১৯

ছকে বর্ণিত তথ্য পর্যবেক্ষণ করে দেখা যায় কোন উপজেলাই বিবেচ্য সময়ে লক্ষ্যমাত্রা অনুযায়ী কিস্তি খেলাপী ও ঋণ খেলাপী অর্জন করতে পারেনি এবং প্রতিটি উপজেলারই বছর শেষে কিস্তি ও ঋণ খেলাপীতে ঋণের পরিমাণ বৃদ্ধি পেয়েছে, যা অনাকাঙ্ক্ষিত ও হতাশাব্যঞ্জক।

এতে স্পষ্টই প্রতীয়মান হয় যে, কার্যালয়ের জনবল ঋণ কার্যক্রম বাস্তবায়নে যথেষ্ট উদাসীন। তাদের এ ধরনের আচরণ কর্তৃপক্ষের আদেশ পালনে অবজ্ঞার সামিল। ঋণ ও কিস্তি খেলাপীতে অর্থ যুক্ত করার কারণে কেন বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবেনা তার কারণ পত্র প্রাপ্তির ১০(দশ) দিনের মধ্যে জানাতে নির্দেশ প্রদান করা হলো। এছাড়াও ছকে বর্ণিত উপজেলাসমূহকে বছরের শুরুতে বর্ণিত লক্ষ্যমাত্রা মোতাবেক ঋণ বিতরণ, কিস্তি ও ঋণ খেলাপী আদায়, চলমান আদায় আগামী ডিসেম্বর/২০১৭খ্রিঃ তারিখের মধ্যে শতভাগ অর্জনের নির্দেশ প্রদান করা হলো এবং আদায়ের পাক্ষিক অগ্রগতির প্রতিবেদন স্ব-স্ব জেলার উপ-পরিচালকের মন্তব্যসহ প্রধান কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে পুনরায় নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৪/১০/১৭
(কে এম জাহিদ হোসেন)
সহকারী পরিচালক(দাঃ বিঃ ও ঋণ)
ফোন- ৯৫৬৭৭২১

১। জনাব
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, উপজেলাজেলা.....।

২। জনাব
ফ্রেন্ডিটসুপারভাইজার, যুব উন্নয়ন অধিদপ্তর, উপজেলাজেলা.....।

স্মারক নং - ৩৪.০১.০০০০.০২৮.৪৮.০১২.১৬-৬৯২

তারিখঃ ২৭/১০/২০১৭খ্রিঃ।

অনুলিপি বিতরণ সদয় অবগতি ও কার্যার্থেঃ

- উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, জেলাকে বর্ণিত নির্দেশনা যথাযথভাবে বাস্তবায়ন তদারকী নিশ্চিতকরণসহ সংশ্লিষ্ট উপজেলাসমূহের সমন্বিত পাক্ষিক প্রতিবেদন তাঁর মন্তব্যসহ অগ্রায়ন করতে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
- কম্পিউটার প্রোগ্রামার (আইসিটি), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- দপ্তর নথি।

২৪/১০/১৭
(কে এম জাহিদ হোসেন)
সহকারী পরিচালক(দাঃ বিঃ ও ঋণ)